**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-৩ শাখা
www.mopa.gov.bd

# জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে আয়োজিত প্রথম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সিনিয়র সচিব<br>জনপ্রশাসন মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২২ নভেম্বর ২০২৩ |
| সময় | : | বেলা ১১:৩০ টা |
| স্থান | : | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিত কর্মকর্তাদের হাজিরা | : | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করা হয়। সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

(ক) সুশাসনের জবাবদিহিমূলক উপকরণসমূহ বাস্তবায়ন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গৃহীত ব্যবস্থা, অর্জন এবং চ্যালেঞ্জসমূহ উপস্থাপন; এবং
(খ) মুক্ত আলোচনা।

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত), অনুবিভাগ সভাকে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে ০২(দুই) টি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করা আবশ্যক। সে পরিপ্রেক্ষিতে আজ প্রথম "সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা" আহবান করা হয়েছে।

**আলোচ্যসূচি-ক: সুশাসনের জবাবদিহিমূলক উপকরণসমূহ বাস্তবায়ন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গৃহীত ব্যবস্থা, অর্জন এবং চ্যালেঞ্জসমূহ উপস্থাপন**

সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের সেবাসমূহ জনগণের কাছে সহজভাবে পৌঁছানো বা প্রদানের লক্ষ্যে সুশাসনের জবাবদিহিমূলক উপকরণসমূহ (যেমন: জাতীয় শুদ্ধাচার কৌশল; তথ্য অধিকার; অভিযোগ প্রতিকার ব্যবস্থা; বার্ষিক কর্মসম্পাদন চুক্তি; সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেন চার্টার ও ই-নথি) বাস্তবায়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এছাড়া সুশাসনের জবাবদিহিমূলক উপকরণসমূহের তথ্য সহজভাবে পৌঁছানো বা জানানোর জন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থাসমূহের ওয়েবসাইটে এ সংক্রান্ত উপস্থাপন বাধ্যতামূলক করা হয়েছে।

সভায় সুশাসনের জবাবদিহিমূলক উপকরণসমূহ (জাতীয় শুদ্ধাচার কৌশল; তথ্য অধিকার; অভিযোগ প্রতিকার ব্যবস্থা; বার্ষিক কর্মসম্পাদন চুক্তি; সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেন চার্টার ও ই-নথি) বাস্তবায়নে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গৃহীত ব্যবস্থা, অর্জন এবং চ্যালেঞ্জসমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় সুশাসনের জবাবদিহিমূলক উপকরণসমূহ বাস্তবায়ন বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত ব্যবস্থা, অর্জন এবং চ্যালেঞ্জসমূহের বিষয়ে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়:

## (১) জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy):

**সংক্ষিপ্ত বিবরণ:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। এ কৌশলের মূল লক্ষ্য হল শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে প্রণীত কৌশলে শুদ্ধাচারকে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ এবং কোন সমাজের কালোত্তীর্ণ মানদন্ড ও নীতির প্রতি আনুগত্য হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে। এ কৌশলে রাষ্ট্র ও সমাজে শুদ্ধাচার প্রতিষ্ঠা সরকারের সাংবিধানিক ও আইনগত স্থায়ী দায়িত্ব; সুতরাং সরকারকে অব্যাহতভাবে এই লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করতে হবে মর্মে উল্লেখ আছে।

এরই ধারাবাহিকতায় প্রায় সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করে থাকে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়নে সহায়তা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে পৃথক নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ সর্বপ্রথম ১ জানুয়ারি ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ মেয়াদের জন্য শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করে। ২০১৬-২০১৭ অর্থবছরে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়সমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করে আসছে। ২০১৮-১৯ অর্থবছরে প্রথমবারের মত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও সে আলোকে প্রাথমিকভাবে মূল্যায়ন কার্যক্রম শুরু হয়। এর ধারাবাহিকতায় আগামী ২০২৩-২৪ অর্থবছরেও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও সে আলোকে মূল্যায়নের ব্যবস্থা রয়েছে।

২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রমকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের অর্জন:**

মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়নে জনপ্রশাসন মন্ত্রণালয় ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন করে মোট ৫০ নম্বরের মধ্যে ৪৯.২৫ নম্বর পেয়ে সকল মন্ত্রণালয় ও বিভাগের মধ্যে ৫ম স্থান অধিকার করেছে।

**শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গৃহীত ব্যবস্থা:**

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ প্রণয়ন করে নির্ধারিত সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন ০৮(আট)টি দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ প্রণয়ন করে নির্ধারিত সময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করেছে এবং স্ব স্ব দপ্তর/সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করেছে।
(গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয়।
(ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন ০৮(আট)টি দপ্তর/সংস্থার দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর নিয়মিত ফিডব্যাক প্রদান সভা অনুষ্ঠিত হয়।
(ঙ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণকে শুদ্ধাচার পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।
(চ) শুদ্ধাচার পরিকল্পনা যথাযথ বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা নিয়মিত করা হয়।
(ছ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়মিত শুদ্ধাচার পুরস্কার প্রদান করে থাকে;
(জ) শুদ্ধাচার সংক্রান্ত সেবাবক্স নিয়মিত হালনাগাদ করা হয়;
(ঝ) শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করা আছে।

**(২) তথ্য অধিকার:**

**সংক্ষিপ্ত বিবরণ:**

ক. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকগণের অন্যতম মৌলিক অধিকার হিসাবে স্বীকৃত এবং তথ্য প্রাপ্তির অধিকার চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার একটি অবিচ্ছেদ্য অংশ;
খ. জনগণ প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক তাই তাদের ক্ষমতায়নের জন্য তথ্য অধিকার নিশ্চিত করা অত্যাবশ্যক;
গ. জনগণের তথ্য অধিকার নিশ্চিত করা হলে সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি ও বিদেশী অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বেসরকারি সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে, দুর্নীতি হ্রাস পাবে ও সুশাসন প্রতিষ্ঠিত হবে; এবং
ঘ. সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি ও বিদেশী অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বেসরকারি সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয় বিধায় তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করা হয়।

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের গৃহীত ব্যবস্থা:**

ক. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবরে প্রাপ্ত আবেদন তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ে নিষ্পত্তি করা হয়;
খ. মন্ত্রণালয় কর্তৃক প্রণীত/জারিকৃত আইন, বিধি, প্রজ্ঞাপন ইত্যাদি স্বপ্রণোদিতভাবে ওয়েবসাইটে আপলোড করা হয়;
গ. তথ্য অধিকার সেবাবক্স নিয়মিত হালনাগাদ করা হয়;
ঘ. তথ্য অধিকার বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করা আছে; এবং
ঙ. জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২১ প্রকাশ করা হয়েছে।

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের অর্জন:**

তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবদান রাখায় মন্ত্রণালয় পর্যায়ে জনপ্রশাসন মন্ত্রণালয়কে ২০১৯ সালে তথ্য কমিশন কর্তৃক ১ম স্থান অধিকারী হিসাবে পুরস্কার প্রদান করা হয়।

**বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ:**

(ক) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪ ধারা অনুযায়ী ১৫ দিনের মধ্যে আপিল নিষ্পত্তি করতে হবে। আপিল আবেদন প্রাপ্তির পর সরকারি ছুটির দিন বেশী থাকলে ১৫ দিনের মধ্যে আপিল নিষ্পত্তির জন্য চ্যালেঞ্জ এর সম্মুখীন হতে হয়।
(খ) অনেক আবেদনকারী বিভিন্ন বিধি/প্রজ্ঞাপন/পরিপত্রের ব্যাখ্যা চেয়ে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আবেদন করেন। আইন অনুযায়ী বিধি/প্রজ্ঞাপন/পরিপত্রের ব্যাখ্যা "তথ্য" নয়। ফলে, প্রতিনিয়ত উল্লিখিত ধরনের আবেদনসমূহের বিষয়ে তথ্য প্রদানে অপারগতা প্রকাশ করতে হয়।

## (৩) অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS):

**সংক্ষিপ্ত বিবরণ:**

জনপ্রশাসন সংস্কার কমিশন, ২০০০ এর প্রতিবেদনে কেন্দ্রীয়ভাবে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা প্রবর্তনের সুপারিশ করা হয়েছে। সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর অষ্টম অধ্যায়ে নাগরিকের অভিযোগসমূহ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সঙ্গে নিষ্পত্তি এবং এ সংক্রান্ত তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণের অনুশাসন রয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার বিষয়টি বর্তমানে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এ বিষয়ে সুনির্দিষ্ট পদ্ধতি অনুসরণের সুবিধার্থে "অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫" প্রণয়ন এবং ২০১৮ সালে এর পরিমার্জিত সংস্করণ প্রকাশ করা হয়েছে। এছাড়া দক্ষতা ও স্বচ্ছতার সঙ্গে সেবা প্রদানের জন্য তথ্যপ্রযুক্তি ভিত্তিক স্বয়ংক্রিয় অভিযোগ প্রতিকার ব্যবস্থার প্রবর্তন করা হয়েছে।

অনলাইন জিআরএস প্রবর্তনের জন্য একটি ওয়েবভিত্তিক সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত জিআরএস ওয়েবসাইট (www.grs.gov.bd) জনসাধারণের জন্য উন্মুক্ত আছে। মন্ত্রণালয়/বিভাগ এবং তাদের আওতাধীন অধিদপ্তর/সংস্থা ও অন্যান্য দপ্তর সেবা সংক্রান্ত অভিযোগ গ্রহণ এবং তা নিষ্পত্তির জন্য একজন অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা এবং একজন আপিল কর্মকর্তা নিয়োগ করবে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ অনুযায়ী অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা প্রাপ্ত অভিযোগসমূহ যথাযথভাবে নিষ্পত্তি করবেন এবং অভিযোগকারীকে তা অবহিত করবেন। জনগণের নিকট প্রশাসনের জবাবদিহি নিশ্চিতকরণ এবং সেবার মানোন্নয়নে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)-এর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের গৃহীত ব্যবস্থা:**

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা এবং আপিল কর্মকর্তা নিয়োগ করা হয়েছে এবং এ সংক্রান্ত তথ্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে হালনাগাদ করা আছে।
(খ) নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তি করা হয়।
(গ) APA-তে নির্ধারিত GRS সংক্রান্ত সভা নির্ধারিত সময়ে সম্পন্ন করা হয়।
(ঘ) কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত GRS সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়।
(ঙ) GRS সংক্রান্ত সেবাবক্স নিয়মিত হালনাগাদ করা হয়।

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের অর্জন:**

জুলাই/২০২৩ হতে অক্টোবর/২০২৩ পর্যন্ত অনলাইনে ১৩৫ টি অভিযোগ পাওয়া গেছে যা যথাযথ পদ্ধতিতে নিষ্পত্তি করা হয়েছে।

## (৪) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)

**সংক্ষিপ্ত বিবরণ:**

সরকারি কর্মকান্ডে দক্ষতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, গতিশীলতা আনয়ন, সেবার মানোন্নয়ন, প্রতিষ্ঠানের কার্যকারিতা বৃদ্ধি, সুশাসন প্রতিষ্ঠা ও সুসংহতকরণে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সরকারের নির্বাচনী ইশতেহারের যথাযথ বাস্তবায়ন, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট, ২০৩০ ও ২০৪১ এর লক্ষ্যসমূহ অর্জন ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ভবিষ্যতে এপিএ গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হিসাবে কাজ করবে।

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের গৃহীত ব্যবস্থা:**

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে জনপ্রশাসন মন্ত্রণালয়ে একজন এপিএ টিম লিডার (অতিরিক্ত সচিব পদমর্যাদার) ও একজন এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা (যুগ্মসচিব পদমর্যাদার) সরাসরি সম্পৃক্ত রয়েছেন। প্রতিটি অনুবিভাগে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা রয়েছে। অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতি মাসে এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত হচ্ছে। এপিএ'র ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভা সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত হচ্ছে। সর্বোপরি প্রতি তিন মাস অন্তর এপিএ'র ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের APAMS software এ দাখিল করা হয়।

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের অর্জন:**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের এপিএ'র বিগত ০৯ (নয়) অর্থবছরের অর্জন নিম্নরূপ:

| অর্থবছর | মোট মান | জনপ্রশাসন মন্ত্রণালয়ের অর্জন | অবস্থান |
|---|---|---|---|
| ২০১৪-১৫ | ১০০ | ৯৫.৭৫ | ২য় |
| ২০১৫-১৬ | ১০০ | ৯৫.৮২ | ৯ম |
| ২০১৬-১৭ | ১০০ | ৯৬.৬০ | ১০ম |
| ২০১৭-১৮ | ১০০ | ৯২.১৪ | ১৩তম |
| ২০১৮-১৯ | ১০০ | ৯০.৩৮ | ১৬তম |
| ২০১৯-২০ | ১০০ | ৮৮.২৯ | ১০ম |
| ২০২০-২১ | ১০০ | ৯৬.০৩ | ৮ম |
| ২০২১-২২ | ১০০ | ৯৯.০৯ | ১ম |
| ২০২২-২৩ | ১০০ | ৯৯.৮৫ | ২য় |

**বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ:**

স্বল্প সময়ের মধ্যে সকল ক্যাডার কর্মচারীর জন্য বুনিয়াদি প্রশিক্ষণসহ অন্যান্য কোর প্রশিক্ষণ আয়োজন ও সফলভাবে সম্পন্ন করা একটি বড় চ্যালেঞ্জ। বি.সি.এস.ক্যাডারে নিয়োগের চূড়ান্ত আদেশ জারিকরণের ক্ষেত্রে নিরাপত্তা বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিবেদন প্রাপ্তিতে দীর্ঘসূত্রিতা একটি প্রতিবন্ধকতা।

## (৫) সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেন চার্টার

**সংক্ষিপ্ত বিবরণ:**

সিটিজেন্‌স চার্টারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের সেবা প্রদানের পদ্ধতি উল্লেখ করা থাকে; যাতে জনগণ তার প্রয়োজনীয় সেবাটি কম সময়ে, কম খরচে, সঠিক উপায়ে ভোগান্তি ছাড়া পেতে পারেন। নিয়োগ, প্রশিক্ষণ, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও মানবসম্পদের কার্যকর ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে একটি দক্ষ, সেবামুখী ও জবাবদিহিতামূলক জনপ্রশাসন গড়ে তোলা জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেন্‌স চার্টারের অভিলক্ষ্য (Mission)।

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের গৃহীত ব্যবস্থা:**

- জনপ্রশাসন মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি নাগরিক বান্ধব ও জবাবদিহিতামূলক করার লক্ষ্যে নিয়মিতভাবে প্রতি ত্রৈমাসিকে তথ্য হালনাগাদ করা হচ্ছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাধীন সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪টি সভা সিপি-৩ শাখা কর্তৃক আয়োজন করতে হবে। ইতোমধ্যে প্রথম ত্রৈমাসিকের সভা আয়োজন ও সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে এবং ২য় ত্রৈমাসিকের সভা আয়োজন কার্যক্রম চলমান রয়েছে।

- এছাড়াও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে একটি কর্মশালা ফেব্রুয়ারি-২০২৪ এর মধ্যে আয়োজন করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের অর্জন**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেন্‌স চার্টার ১ম ত্রৈমাসিক হালনাগাদ করা হয়েছে ও তার অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ২য় ত্রৈমাসিকে সিটিজেন্‌স চার্টার হালনাগাদকরণ প্রক্রিয়া চলমান।

**বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ:**

সেবা গ্রহীতাদের সচেতনতার অভাব।

## (৬) ই-নথি

**সংক্ষিপ্ত বিবরণ:**

ই-নথি হলো প্রচলিত নথি ব্যবস্থাপনার পরিবর্তে ইলেক্টনিক পদ্ধতিতে নথি নিষ্পত্তির একটি প্রক্রিয়া। ই-নথি কার্যক্রম চালু হওয়ার মধ্য দিয়ে সরকারী অফিসে কাজের গতি, দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়া সম্ভব হচ্ছে। দ্রুততম সময়ের মধ্যে জনগণ তার কাঙ্ক্ষিত সেবা পেয়ে যাচ্ছে। সরকারি অফিসের কর্মকর্তা-কর্মচারীরাও ই-নথি কার্যক্রমের মধ্য দিয়ে তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধি ও দ্রুত কার্য সম্পাদনের সুযোগ পাচ্ছেন। সে কারণে তাদের ই-নথি সম্পর্কে পরিষ্কার ধারণা থাকা আবশ্যক। এ ব্যাপারে নথি সংক্রান্ত ভিডিও টিউটোরিয়ালগুলো সহায়ক ভূমিকা পালন করতে পারে। এই কোর্সের উদ্দেশ্য হলো- ই-নথি কার্যক্রমের মধ্য দিয়ে অফিসের কর্মকর্তা-কর্মচারীদের দ্রুত কার্য সম্পাদন ও পেশাগত দক্ষতা বৃদ্ধি করা।

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের গৃহীত ব্যবস্থা:**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিভিন্ন সভায় অনুবিভাগ ভিত্তিক ই-নথির প্রতিবেদন পর্যালোচনা করে দুর্বল বিষয়সমূহ চিহ্নিত করে তা প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করা হয়। সকল কর্মকর্তাগণ যাতে যেকোন স্থান হতে ই-নথি ব্যবহার করতে পারে সে লক্ষ্যে সকল কর্মকর্তাদের উন্নত মানের ল্যাপটপ সরবরাহ করা হয়েছে। বিভিন্ন শাখা/অধিশাখার চাহিদার প্রেক্ষিতে স্ক্যানার সরবরাহ করা হয়েছে। তাছাড়া মোবাইল অ্যাপস্ এর মাধ্যমেও ই-নথির কার্যক্রম পরিচালনা করা যায়।

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের অর্জন:**

ই-নথি বাস্তবায়নে এটুআই কর্তৃক মাস ভিত্তিক পর্যালোচনায় জনপ্রশাসন মন্ত্রণালয় বিভিন্ন সময় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকার করেছে। সর্বশেষ ই-নথি বাস্তবায়নে ত্রৈমাসিক প্রতিবেদনে সেপ্টেম্বর-২০২৩ এ জনপ্রশাসন মন্ত্রণালয় ৯৯.২১% অর্জন করেছে।

**বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ:**

১. সকল কর্মকর্তা/কর্মচারীদের উচ্চগতি সম্পন্ন ইন্টারনেট সংযোগ প্রদান;
২. ই-নথি সার্ভার সার্বক্ষণিক সচল রেখে নিরবিচ্ছিন্নভাবে ই-নথির সেবা প্রদান;
৩. অধিক ডকুমেন্ট সম্পন্ন নথিসমূহ ই-নথিতে উপস্থাপন (যেমন: সংগঠন ও ব্যবস্থাপনা, বিধি ও আইন অনুবিভাগে বড় বড় ডকুমেন্ট সম্পন্ন নথিসমূহ);
৪. আর্থিক সংশ্লেষ আছে এ ধরণের নথিসমূহ ই-নথিতে উপস্থাপন;
৫. মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণের জন্য সার-সংক্ষেপসমূহ ই-নথিতে উপস্থাপন, ইত্যাদি।

**আলোচ্যসূচি-খ: মুক্ত আলোচনা**

সরকারি যানবাহন অধিদপ্তরের সেবাগ্রহিতা জনাব রাজা আহমেদ জানান, তিনি এক সপ্তাহের মধ্যেই পেনশন সেবা পেয়েছেন এবং যথাযথভাবে পেয়েছেন। তিনি প্রাপ্ত সেবায় সন্তুষ্টি প্রকাশ করেন।

সরকারি কর্মচারী হাসপাতালের সেবাগ্রহিতা জনাব ড. শ্যামা প্রসাদ ব্যাপারী (প্রাক্তন যুগ্মসচিব) হাসপাতাল হতে প্রাপ্ত সেবা ও বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করেন। তিনি হাসপাতালকে 'গ্রিন হাসপাতাল' হিসাবে উন্নীতকরণের সুপারিশ করেন এবং জনস্বাস্থ্য সচেতনতা বিষয়ক জার্নাল/ নিউজলেটার প্রকাশের প্রয়োজনীয়তা ব্যক্ত করেন। এছাড়াও, তিনি ল্যাবরেটরি, অ্যাম্বুলেন্স সার্ভিস, ফ্রি মেডিসিন সার্ভিসসহ ডাক্তার ও নার্সদের দক্ষতা উন্নয়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এর সেবাগ্রহিতা জনাব মোঃ মাসুদ রানা, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, সোনালী ব্যাংক লিঃ জানান যে, সংশ্লিষ্ট অধিদপ্তর হতে তাঁরা সিকিউরিটি আইটেম (চেক বই) প্রিন্টিং সার্ভিস নিয়ে থাকেন। প্রাপ্ত সেবার ব্যাপারে তিনি যথেষ্ট সন্তুষ্টি প্রকাশ করেন। এ প্রসঙ্গে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় মহোদয় সিকিউরিটি আইটেমের রিক্যুইজিশন অনলাইনে দাখিল করা হয় কিনা জানতে চাইলে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের সহকারী পরিচালক (প্রকাশনা) জনাব মৃণাল কান্তি মণ্ডল জানান যে, সিকিউরিটি আইটেমের রিক্যুইজিশন এবং অর্থ পরিশোধ অনলাইনে দাখিলের কার্যক্রম চলমান রয়েছে।

বিয়াম ফাউন্ডেশনের সেবাগ্রহিতা জনাব মো: সাইদুর রহমান, ম্যানেজার, পাওয়ারগ্রিড কোঃ লিঃ জানান যে, তাদের এন্ট্রি লেভেলের কর্মকর্তাগণের বুনিয়াদী প্রশিক্ষণ বিয়ামে হয়ে থাকে। এই প্রশিক্ষণের কারিক্যুলাম, আবাসিক সুবিধা সহ অন্যান্য কার্যক্রমের বিষয়ে তিনি সন্তুষ্টি প্রকাশ করেন। এ প্রসঙ্গে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় মহোদয় পেমেন্ট ও মূল্যায়ন পদ্ধতি অনলাইন ভিত্তিক কিনা জানতে চাইলে জনাব আব্দুল মান্নান (বিয়াম প্রতিনিধি) জানান যে, পেমেন্ট অনলাইনে দাখিলের প্রক্রিয়া ইতোমধ্যে চালু করা হয়েছে। কোর্স মূল্যায়ন এসএমএস এর মাধ্যমে প্রশিক্ষণার্থীগণ জানিয়ে থাকেন। এ বিষয়ে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় মহোদয় প্রচলিত ব্যবস্থার অধিকতর মানোন্নয়নে সিস্টেম-জেনারেটেড মূল্যায়ন পদ্ধতি চালুকরণের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও, পাওয়ারগ্রিড সহ অন্যান্য যে সকল প্রতিষ্ঠান বিয়াম ফাউন্ডেশন হতে প্রশিক্ষণ সেবা নিয়ে থাকে, তাদের সকলের অংশগ্রহণে সেমিনার আয়োজনপূর্বক প্রাপ্ত সুপারিশের ভিত্তিতে মানোন্নয়নের ব্যবস্থা গ্রহণ করার উপর গুরুত্বারোপ করেন।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবাগ্রহিতা জনাব মোঃ শায়ের ইকবাল, সিস্টেম এনালিস্ট, সিএজি জানান, তিনি বিভিন্ন সময় এই প্রতিষ্ঠান থেকে একাধিক সেবা গ্রহণ করেছেন। তিনি জানান, ২০১১ সালে যে সেবা পেতে তার এক বছর সময় লেগেছিল, সেই একই ধরনের সেবা ২০১৯ সালে তিনি মাত্র এক মাসে পেয়েছেন। দ্রুততর সময়ের মধ্যে সেবা পাওয়ায় তিনি সন্তুষ্টি ব্যক্ত করেন। তিনি জানান যে, উক্ত অফিসে সফটওয়্যার না থাকায় আবেদন সশরীরে দাখিল করতে হয়। তিনি সফটওয়্যার ভিত্তিক আবেদন চালুকরণের অনুরোধ জানান। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক ড. জিয়াউদ্দিন জানান, উক্ত অফিসকে পেপারল্যাস করতে হলে হাসপাতাল সমূহের সাথে একটি নেটওয়ার্ক তৈরি করা প্রয়োজন যাতে দাখিলকৃত প্রেসক্রিপশনসমূহ যাচাই করা সম্ভব হয়। এ প্রসঙ্গে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় মহোদয় প্রেসক্রিপশনের অনলাইন ভেরিফিকেশন করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। এই লক্ষ্যে স্বাস্থ্যসেবা বিভাগের সাথে একত্রে কাজ করার উদ্যোগ গ্রহণের পরামর্শ প্রদান করেন। তিনি আরো জানান, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড প্রদত্ত সেবা সম্পর্কে সেবাগ্রহিতাগণ অবহিত নন। এই উদ্দেশ্যে তিনি প্রচার ও প্রকাশনার উপর বিশেষভাবে গুরুত্বারোপ করেন।

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী (এনএপিডি) এর সেবাগ্রহিতা জনাব মো: ওয়াহিদুর রহমান (ঠিকাদার) জানান যে, অনলাইন ও টেন্ডারবক্সে দাখিলের মাধ্যমে তারা টেন্ডারে অংশগ্রহণ করে এবং যথাসময়ে বিল পেয়ে থাকে। তিনি এ সেবায় সন্তুষ্টি প্রকাশ করেন।

বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি এর প্রশিক্ষণার্থী (সেবাগ্রহিতা) জনাব ফাতেমা জানান যে, একাডেমির সকল অনুষদ সদস্য যথেষ্ট আন্তরিকতার সাথে প্রশিক্ষণ পরিচালনা করে থাকেন। একাডেমিতে একটি অভিযোগ রেজিস্টার রয়েছে; যেখানে প্রশিক্ষণার্থীগণ তাদের ফিডব্যাক প্রদান করতে পারেন এবং এর প্রেক্ষিতে কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারেন। তবে, তিনি প্রশিক্ষণার্থীদের জন্য সাঁতার ও ড্রাইভিং প্রশিক্ষণের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করেন। এ প্রসঙ্গে জনাব নুরুন্নাহার চৌধুরী, এমডিএস, বিসিএস প্রশাসন একাডেমি জানান যে, পর্যাপ্ত অবকাঠামোগত সুবিধা না থাকায় সাঁতার ও ড্রাইভিং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ আপাতত: সম্ভব হচ্ছে না। তবে, অন্য কোন প্রতিষ্ঠানের সহায়তায় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। সেমিনারে উপস্থিত সুশীল সমাজের প্রতিনিধি প্রাক্তন প্রধান স্থপতি জনাব কাজী নাসির প্রশিক্ষণার্থীদের সাঁতার প্রশিক্ষণের জন্য ঢাকা অফিসার্স ক্লাব ও ড্রাইভিং এর জন্য বিআরটিএ এর সাথে যোগাযোগ করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন। সেমিনারে সেবাগ্রহিতা হিসেবে অংশগ্রহণকারী ড. শ্যামাপ্রসাদ ব্যাপারী, প্রাক্তন যুগ্মসচিব প্রশিক্ষকদের মূল্যায়নের ভিত্তিতে মনোনয়ন করা হয় কিনা মর্মে সভায় প্রশ্ন উত্থাপন করেন। জবাবে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় মহোদয় জানান, প্রশিক্ষণে মনোনয়নের নিমিত্ত ন্যাশনাল রিসোর্স পুল গঠন করা হয়েছে। ড. আবু শাহীন মো: আসাদুজ্জামান, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় জানান, আগামী ডিসেম্বরে পুনরায় ন্যাশনাল রিসোর্স পুলে প্রশিক্ষক অন্তর্ভুক্তিকরণের ব্যবস্থা গ্রহন করা হবে। উক্ত কর্মকর্তা একাডেমিতে ইতোমধ্যে চালুকৃত অনলাইন ডিজিটাল লাইব্রেরির ইউজার আইডি কার্ড সকলকে দেয়া হয়েছে কিনা জানতে চাইলে প্রশিক্ষণার্থী জনাব ফাতেমা জানান যে ইতোমধ্যে তারা আইডি কার্ড পেয়েছেন এবং এ সেবায় সন্তুষ্টি প্রকাশ করেন।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর সেবাগ্রহিতা জনাব মিজানুর রহমান, সহকারী পরিচালক বলেন, এই কেন্দ্রেই প্রশিক্ষণ গ্রহণকালে এর নতুন ডরমেটরি, হাসপাতালের স্বাস্থ্যসেবা ও প্রশিক্ষকদের গুণগত মান অত্যন্ত সন্তোষজনক হিসেবে প্রতীয়মান হয়।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের সেবাগ্রহিতা জনাব ফরিদুল ইসলাম, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা জানান যে, কোন কর্মকর্তা অন্য ক্যাডার থেকে প্রশাসন ক্যাডারে নিয়োগপ্রাপ্ত হলে চাকুরির ধারাবাহিকতা রক্ষার্থে বিধি অনুবিভাগ ও মাঠ প্রশাসন থেকে সেবা নিয়ে থাকেন। ফলে, প্রায়শই: উক্ত কর্মকর্তাদের বেতন নিয়মিতকরণে দীর্ঘসূত্রিতা পরিলক্ষিত হয়। বিধি অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ মুহিদুল ইসলাম জানান, এক্ষেত্রে ভিন্ন মন্ত্রণালয় থেকে তথ্য সংগ্রহ করতে হয় বিধায় কখনো কখনো তথ্য পেতে দেরি হলে উক্ত সেবা প্রদান বিঘ্নিত হয়। এ প্রসঙ্গে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় মহোদয় জানান যে, সেবা সহজিকরণের নিমিত্ত এ ধরনের সেবা পেতে কি কি তথ্য প্রয়োজন তা ওয়েবসাইটে প্রদান করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগের সেবাগ্রহিতা আ.কা. মোঃ দিনারুল ইসলাম, অবসরপ্রাপ্ত (গ্রেড-১) জানান যে, একজন পেনশনগ্রহিতা হিসেবে তিনি উপলব্ধি করেন যে, সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ যথেষ্ট মমতা নিয়ে সেবা প্রদান করে থাকেন। তিনি ২-৩ দিনের মধ্যেই গ্র্যাচুইটি মঞ্জুরিপত্র পেয়েছেন। উক্ত সেবায় তিনি অত্যন্ত সন্তুষ্ট হন। জনাব মাকসুদা বেগম, পেনশন সুবিধাভোগী (সেবাগ্রহিতা) জানান যে, তাঁর স্বামী সম্প্রতি মৃত্যুবরণ করায় তিনি কোন প্রকার হয়রানি ছাড়াই পেনশন পেয়েছেন। তিনি এসেবায় সন্তুষ্টি প্রকাশ করেন। তিনি উল্লেখ করেন যে, তাঁর স্বামী একজন উর্ধ্বতন সরকারি কর্মকর্তা ছিলেন বলেই তিনি এমন সেবা পেয়ে থাকতে পারেন মর্মে মতামত ব্যক্ত করেন। তিনি সাধারণ সেবাগ্রহিতাদের নিকট থেকে মতামত গ্রহণের অনুরোধ জানান। প্রশাসন অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ নবীরুল ইসলাম জানান যে, অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ যে শ্রেণিভুক্তই হোক না কেন, সকলকেই সিনিয়র সিটিজেন হিসাবে বিবেচনাপূর্বক অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদান করা হয়ে থাকে। তিনি আরো উল্লেখ করেন পেনশন সংশ্লিষ্ট কাজের জন্য যে সকল ছাড়পত্র জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রদান করা হয়, সেসকল ছাড়পত্র প্রশাসন অনুবিভাগ থেকেই সংগ্রহ করে নেয়া হয়। ফলে, সেবাগ্রহিতাকে আলাদাভাবে উক্ত ছাড়পত্রসমূহ সংগ্রহ করতে হয় না। তবে, অন্য মন্ত্রণালয়ভুক্ত কেউ পেনশনের আবেদন করলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মতামত প্রয়োজন হয় যা অনেক ক্ষেত্রেই সময়সাপেক্ষ।

বিভাগীয় কমিশনারগণের প্রতিনিধিদের পক্ষে জনাব মোঃ জসিম উদ্দিন, অতিরিক্ত বিভাগীয় কমিশনার, সিলেট জানান বর্তমানে ২৮ দিনের মধ্যে নামজারি করা হচ্ছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ থেকে দ্রুততম সময়ের মধ্যে বরাদ্দ পাওয়া যাচ্ছে। দেশের সকল বিভাগীয় কমিশনার কার্যালয়সমূহের সামনের অংশ একই নমুনায় করা প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করেন।

জনাব মোঃ মাসউদুল হক, বিশেষ প্রতিনিধি ইউএনবি ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোটার্স ফোরাম বলেন বর্তমান জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় মিডিয়া ফ্রেন্ডলি উদার মনের সৎ ব্যক্তি। তিনি জানান বর্তমানে নামজারি দ্রুত সময়ের মধ্যে হচ্ছে। বাসায় বসে মানুষ ভূমি উন্নয়ন কর দিতে পারছে। তিনি সরকারি কর্মচারী হাসপাতালের সেবার মান নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।

জনাব ফসিহ উদ্দীন মাহতাব, সভাপতি, বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম বলেন প্রশাসন বর্তমানে সেবা জনগণের দোরগোড়ায় পৌছে দিয়েছে। উর্ধ্বতন কর্মকর্তার নিকট জনগণ সহজেই কাছে যেতে পারছে। উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ ভাল কাজ করছেন। জেলা প্রশাসকগণ যথাসময়ে সেবা প্রদান নিশ্চিত করছেন। আগামী দিনে জনগণ আরো ভাল সেবা পাবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন।

কাজী গোলাম নাসির, প্রাক্তন প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বলেন পূর্বে প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে সেবা দিয়েছি; এখন যথাসময়ে সেবা পাচ্ছি। Building rules & Acts এর বিষয়সমূহ Training এ অন্তর্ভুক্তির উপর গুরুত্বারোপ করেন।

ডাঃ মোঃ জামাল উদ্দিন চৌধুরী, সভাপতি, স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ) বলেন বর্তমানে ডাক্তারদের আচরণ পূর্বের চাইতে অনেক ভাল হয়েছে।

সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বলেন প্রজাতন্ত্রের কর্মচারী হিসাবে আমরা জনগণের সন্তুষ্টির জন্য কাজ করি। সেবা গ্রহীতার আন্তরিক হাসিই আমাদের কাজ করার অনুপ্রেরণা। নৈতিকতা ও সততা প্রজাতন্ত্রের কর্মচারীদের ব্রত হওয়া উচিত। কাজের মধ্যে সততা আনয়ন করতে হবে। সেবা গ্রহীতাকে সচেতন করার দায়িত্বও প্রজাতন্ত্রের কর্মচারীদের। গতকালের চেয়ে যেন আজ আরো বেশি ভাল কাজ করতে পারি- এটিই আমাদের সকলের প্রত্যাশা।

**সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ:** সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রমিক | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | চিকিৎসাসেবা প্রদানের ক্ষেত্রে স্বাস্থ্য সেবা বিভাগের সহায়তায় বিভিন্ন সরকারি বেসরকারি হাসপাতাল হতে সেবা গ্রহীতার চিকিৎসার ব্যবস্থাপত্র, বিল ও ছাড়পত্র অনলাইনে ভেরিফাই করার উদ্যোগ নিতে হবে। | মহাপরিচালক<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড |
| ২. | সরকারি কর্মচারী হাসপাতালের প্রদত্ত সেবা সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত গ্রহণ প্রক্রিয়া চালু করতে হবে। | মহাপরিচালক<br>সরকারি কর্মচারী হাসপাতাল |
| ৩. | GRS সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাঠ পর্যায়ে অংশীজনের সভা আয়োজনের জন্য জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারদের নিকট পত্র প্রেরণ করতে হবে। | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা |
| ৪. | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সেবাগ্রহীতাদের নিয়ে মতবিনিময় সভা আয়োজন করতে হবে। | সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৫. | তথ্য অধিকার সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাঠ পর্যায়ে অংশীজনের সভা আয়োজনের জন্য জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারদের নিকট পত্র প্রেরণ করতে হবে। | তথ্য প্রদানকারী কর্মকর্তা |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

নং-০৫.০০.০০০০.১৮২.৯৯.০১৯.২১- ১২২৬

তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪৩০
২৮ নভেম্বর ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ) :**

০১. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারি কল্যাণ বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা;
০২. রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা;
০৩. রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা;
০৪. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি), ৩/এ কাঁটাবন রোড, ঢাকা ১২০৫;
০৫. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬. অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/সংগঠন ও ব্যবস্থাপনা/বিধি/সিপিটি/আইন অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৭. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, নিউ ইস্কাটন, ঢাকা;
০৮. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
০৯. অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা;
১১. বিভাগীয় কমিশনার ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল/ময়মনসিংহ;
১২. মহাপরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা;
১৩. যুগ্মসচিব (শৃঙ্খলা-১/২ অধিশাখা/সিপি অধিশাখা/পিএসিসি অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৪. উপসচিব (প্রশাসন-৪) শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৫. উপসচিব (প্রশাসন-৩ শাখা/শৃঙ্খলা-৫ শাখা/বাজেট ও অডিট শাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৭. সিনিয়র সহকারী সচিব, সিপি-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট (পি.এ.সি.সি.) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোড নিশ্চিতকরণের অনুরোধসহ); এবং
১৯. অফিস কপি/মাস্টার কপি।

২৮/১১/২০২৩
আবুল হায়াত মোঃ রফিক
উপসচিব
ফোনঃ ২২৩৩৫৪০৮১
dis3@mopa.gov.bd

**২২ নভেম্বর ২০২৩ খ্রি.**

# জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় উপস্থিতি'র তালিকা

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর (ই-মেইল ঠিকানা) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| | মোঃ রাসেল মাহমুদ<br>সহকারী পরিচালক<br>পরিবেশ অধিদপ্তর | 01515-211402<br>raselmahmud10sh@gmail.com | 22.11.23 |
| | আবিদা সুলতানা<br>সংযুক্ত কর্মকর্তা (প্রশিক্ষণ)<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর | 01755474458<br>sultanaabida001@gmail.com | 22.11.2023 |
| | মৃণাল কান্তি মন্ডল<br>সহকারী পরিচালক (প্রকাশনা)<br>জাতীয় সংসদ সচিবালয়<br>ঢাকা | 01552-320-320<br>mrinalparliament@gmail.com | 22.11.2023 |
| | মোহাম্মদ শামীম আলম<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)<br>চট্টগ্রাম | 01716-092888<br>amshamim220@yahoo.com | 22/11/2023 |
| | মো: পারভেজ হাসান<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)<br>বরিশাল | 01712151200<br>22parvez@gmail.com | 22/11/23 |
| | মু. আবু জাফর<br>সহযোগী অধ্যাপক<br>[illegible]<br>ঢাকা | 01730594441<br>jafar_iu@yahoo.com | 22/11/23 |

**২২ নভেম্বর ২০২৩ খ্রি.**

## জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় উপস্থিতি'র তালিকা

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর (ই-মেইল ঠিকানা) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| | মোঃ জজমিয়া<br>সমাজকল্যাণ অফিসার<br>সরকারি কর্মচারী হাসপাতাল | 01745470200<br>jajsoe2010@gmail.com | JJMian<br>22.11.23 |
| | ওহিদুর রহমান<br>প্রোপাইটর<br>মিলন-মিজান এন্টারপ্রাইজ | 01841198007<br>oahid.mapd@gmail.com | [signature] |
| | মোঃ আব্দুর রশিদ<br>পরিচালক (প্র ও অ.)<br>এন ও সি ডি | 01780114499 | [signature] |
| | Mohammad Ali<br>Proprietor<br>Omar & Brothers<br>Lakshmi Bazar, Dhaka | 0175469937 | [signature] |
| | | | |
| | | | |

**২২ নভেম্বর ২০২৩ খ্রি.**

# জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় উপস্থিতি'র তালিকা

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর (ই-মেইল ঠিকানা) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | মোঃ জহির উদ্দিন<br>মোহাম্মদী মটরস, সরকারি যানবাহন অধিদপ্তরের কারখানার খাদ্য মাল সরবরাহকারী, বাংলা মটর ঢাকা | 01711 315513<br>mahammadimotors@yahoo.com | [স্বাক্ষর] 22.11.23 |
| ২ | রাজা আহমেদ<br>পরিবহন পুল<br>জনপ্রশাসন মন্ত্রণালয়<br>মেকানিক | 01911817276 | রাজা আহমেদ |
| ৩ | মো: নাছির উদ্দিন হাওলাদার<br>পরিবহন পুল<br>ক্লিনার / হেলপার | 01917130984 | মো: নাছির |
| ৪ | মো: সাইদুর রহমান<br>ব্যবস্থাপক, প্রশিক্ষণ বাস্তবায়ন<br>পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড,<br>আফতাবনগর, বাড্ডা ঢাকা | 01730025665<br>manager.ti@pgcb.gov.bd | [স্বাক্ষর] 22.11.2023 |
| ৫ | সৈয়দ আহমদ নূর<br>উপ-পরীক্ষা নিয়ন্ত্রক<br>জাতীয় বিশ্ববিদ্যালয়<br>গাজীপুর, বাংলাদেশ। | 01729-608832<br>syednubd@gmail.com | [স্বাক্ষর] 22.11.2023 |
| ৬ | জুবায়ের হোসেন<br>উপপরিচালক<br>(গবেষণা ও প্রকাশনা)<br>বিসিএস প্রশাসন একাডেমি<br>শাহবাগ, ঢাকা | 01719-292688<br>subairhu86@gmail.com | [স্বাক্ষর] |

**২২ নভেম্বর ২০২৩ খ্রি.**

# জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় উপস্থিতি'র তালিকা

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর (ই-মেইল ঠিকানা) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ৭ | পান্না আক্তার<br>সিনিয়র সহকারী কমিশনার<br>প্রশিক্ষণার্থী, ১৬০ তম আইন ও প্রশাসন কোর্স। বিসিএস প্রশাসন একাডেমি | 01747-432515 (panna.36ac@gmail.com) | [signature] 22.১১.২৩ |
| ৮ | ফাতেমা<br>সিনিয়র সহকারী সচিব<br>প্রশিক্ষণার্থী, ১৬০ তম আইন ও প্রশাসন কোর্স। বিসিএস প্রশাসন একাডেমি। | 01551 365 365<br>kanizsten@gmail.com | Fatema 22, ১১, 2023 |
| ৯ | ইশতিয়াক আহমেদ<br>সিনিয়র সহকারী সচিব<br>১৬০ তম আইন ও প্রশাসন কোর্স। বিসিএস প্রশাসন একাডেমি | 01717127482<br>iahmed15@gmail.com | [signature] 22.১১.২৩ |
| ১০ | মো: মাসুদুর রানা<br>সিনিয়র প্রিন্সিপাল অফিসার<br>সোনালী ব্যাংক পিএলসি<br>প্রধান কার্যালয়, ঢাকা | 01711003087<br>mranasbit@gmail.co | [signature] 22/১১/২৩ |
| ১১ | মো: গোলাম আজম খান<br>সহকারী পরিচালক (পি ও, চল)<br>কেন্দ্র বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র<br>সাভার, ঢাকা | 01715817450<br>azam.khan.bpatc@gmail.com | [signature] 22/১১/2023 |
| ১২ | মিজানুর রহমান<br>সহকারী পরিচালক<br>বিপিএটিসি, সাভার, ঢাকা | 01747520807<br>mijanbpatc@gmail.com | [signature] 22.11.23 |

**২২ নভেম্বর ২০২৩ খ্রি.**

## জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় উপস্থিতি'র তালিকা

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর (ই-মেইল ঠিকানা) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১৩ | মো: পলাশ<br>অফিস সুপারিনটেনডেন্ট<br>বিপিএটিসি | ০১৭৮৫১৩৮১৭৭<br>Palashbpatc@gmail.com | 22/11/23 |
| ১৪ | মোঃ হাফিজুর রহমান<br>সিনিয়র সহ: সচিব<br>জনপ্রশাসন মন্ত্রণালয়<br>সিভিল - ৩ শাখা | 01711979893<br>hafizurrahmansas@gmail.com | 22/11/23 |
| ১৫ | মো: আসাদুজ্জামান সরকার<br>সহকারী কমিশনার<br>জেলা প্রশাসকের কার্যালয়,<br>চাঁদপুর। | 01814183767<br>asaddu051k@gmail.com | 22/11/23 |
| ১৬ | মো: ফরিদুল ইসলাম<br>সহকারী কমিশনার<br>জেলা প্রশাসকের কার্যালয়<br>কুমিল্লা | 01738828032<br>faridapece46bdu@gmail.com | 22/11/23 |
| | | | |
| | | | |

**২২ নভেম্বর ২০২৩ খ্রি.**

## জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় উপস্থিতি'র তালিকা

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর (ই-মেইল ঠিকানা) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১. | লুৎফুন নাহার বেগম<br>অতি: সচিব<br>জনপ্রশাসন মন্ত্রণালয় | ০১৭৪২৯৮৯৬৫৯ | (স্বাক্ষর) 22/11/'23 |
| ২. | মো: রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>MOPA | 01715008460 | (স্বাক্ষর) ২২/১১/২০২৩ |
| ৩ | ড. ফরিদ উদ্দিন আহমদ<br>অতিরিক্ত সচিব (শৃ. ও উ.)<br>জনপ্রশাসন মন্ত্রণালয় | ০১৫৫৬৬৬০২৮৭ | (স্বাক্ষর) 22.11.23 |
| ৪. | ড. মো: সহিদ উল্লাহ<br>অতিরিক্ত সচিব (বিধি)<br>জনপ্রশাসন মন্ত্রণালয় | ০১৭১২১৬২১৪৩ | (স্বাক্ষর) 22.11.2023 |
| ৫. | মোরশেদা ইয়াসমীন<br>অতিরিক্ত সচিব (প ও ব)<br>জনপ্রশাসন মন্ত্রণালয় | 01715615168 | (স্বাক্ষর) 22/11/2023 |
| ৬ | আমেনা বেগম<br>অতিরিক্ত সচিব<br>(সং ও স)<br>জনপ্রশাসন মন্ত্রণালয় | 01916818812 | (স্বাক্ষর) ২২/১১/২০২৩ |

২২ নভেম্বর ২০২৩ খ্রি.

## জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় উপস্থিতি'র তালিকা

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর (ই-মেইল ঠিকানা) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ৭. | মো: মহিদুল ইসলাম<br>উপ-সচিব (নীতি)<br>মন্ত্রণালয়, [illegible] | ০১৫৫২৬১৪৩২৮ | [signature] 22/11/2023 |
| ৮. | ড. নুরুন্নাহার চৌধুরী<br>MDS (অতি: সচিব)<br>[illegible] এক্সপ্লোরেশন কোম্পানী | 01719-129266 | [signature] 22/11/23 |
| ৯. | মো: আব্দুর রউফ<br>যুগ্মসচিব<br>[illegible] অনুবিভাগ | 01715 014999 | [signature] 22.11.23 |
| ১০. | ড. ফারুক আহম্মদ<br>(যুগ্মসচিব)<br>অতি: বিভাগীয় কমিশনার, খুলনা | 01712-071031 | [signature] 22.11.2023 |
| ১১. | মোহাম্মদ মাহবুবর রহমান ভূঁঞা<br>পরিচালক (যুগ্মসচিব)<br>সরকারি যানবাহন অধিদপ্তর | ০১৫৫২৩০৮৫৬ | [signature] |
| ১২. | ড. মো: জিয়াউদ্দীন<br>অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড | 01715026961 | [signature] |

**২২ নভেম্বর ২০২৩ খ্রি.**

## জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় উপস্থিতি'র তালিকা

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর (ই-মেইল ঠিকানা) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১৩. | মো: ফজলুল কবীর<br>পরিচালক, স্থানীয় সরকার<br>রংপুর বিভাগ, রংপুর | 01715453009<br>dlgrangpurdiv@gmail.com | [signature] ২২/১১/২৩ |
| ১৪. | জসীম উদ্দীন হায়দার<br>অতি: বিভাগীয় কমিশনার<br>রাজশাহী বিভাগ। | 0171174662<br>jashimhaider@yahoo.com | [signature] ২২/১১/২৩ |
| ১৫ | মোহাম্মদ আজিজুর রহমান<br>অতি: বিভাগীয় কমিশনার<br>ময়মনসিংহ। | 01733339010<br>mazizrhmn@gmail.com | [signature] ২২/১১/২৩ |
| ১৬ | মো: মীনজুর আহসান খাঁ<br>যুগ্মসচিব (পিএসিসি)<br>জনপ্রশাসন মন্ত্রণালয় | 01714083500<br>paccbr@mopa.gov.bd | [signature] ২২/১১/২৩ |
| ১৭. | মৌরীন করিম<br>উপসচিব<br>জনপ্রশাসন মন্ত্রণালয়. | 01738411294<br>maureenkarim@gmail.com | [signature] 22.11.23 |
| ১৮. | আসফিয়া মেহবুবা<br>প্রোগ্রামার<br>বাংলাদেশ কর্মচারী<br>কল্যাণ বোর্ড | 01715248074<br>mehbubaasfia@gmail.com | [signature] ২২/১১/২৩ |

**২২ নভেম্বর ২০২৩ খ্রি.**

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় উপস্থিতি'র তালিকা**

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর (ই-মেইল ঠিকানা) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| | সাবের ইকবাল<br>সিনিয়র এনালিস্ট<br>হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয় | sa2@cga.gov.bd<br>01754503191 | [signature]<br>22/11/23 |
| | রতন চক্রবর্তী<br>প্রোগ্রামার, ক্ষুদ্র নৃগোষ্ঠী<br>বাংলাদেশ [illegible] কারিগরি<br>অধিদপ্তর | ratandakreabd@gmail.com<br>01515250593 | [signature]<br>22.11.23 |
| | মো: আবুল বাশার<br>কমিউনিটি স্বাস্থ্য [illegible]<br>[illegible]<br>[illegible], সিলেট | boshar7861c@gmail.com<br>01752295300 | [signature]<br>22.11.23 |
| | মুশাহিদুর রেজা চৌধুরী<br>সহকারী নিবন্ধক<br>সমবায় অধিদপ্তর | Ph: 01710552052<br>mushahid.reza.bt1@gmail.com | M Chowdhury<br>22.11.2023 |
| | সোনিয়া হাসান<br>উপসচিব<br>জনপ্রশাসন মন্ত্রণালয় | 01719270055<br>sonimbes28@gmail.com | [signature]<br>22.11.2023 |
| | এ.এম মাহবুবুল হাসান<br>SAS, MOPA | 01722860510 | [signature]<br>22/11/23 |

**২২ নভেম্বর ২০২৩ খ্রি.**

## জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় উপস্থিতি'র তালিকা

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর (ই-মেইল ঠিকানা) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | ডা: মো: জামাল উদ্দিন চৌধুরী সভাপতি, স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ) | ০১৮১৯২২৩২২৩ dr.jamalchowdhury@gmail.com | [signature] ২২/১১/২০২৩ |
| | খা কা মো: দিনারুল ইসলাম [illegible] -১ জনপ্রশাসন মন্ত্রণালয় | 01711955993 dinarislam5600@gmail.com | [signature] 22/11/2023 |
| | কাজী গোলাম নাসির প্রাক্তন প্রধান স্থপতি স্থাপত্য অধিদপ্তর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০১৮১৯২২১৮০৬ kazinasir58@gmail.com | [signature] ২২/১১/২৩ |
| | মো: আমিনুল হাসান অ: স: (সা: প্র:) জপ্রম | | [signature] |
| | মাকসুদা বেগম পারিবারিক সেবাকেন্দ্রকর্মী স্বামী- মৃত মীর মো: মোশাররফ হোসেন সচিব (অব:) সংস্থাপন মন্ত্রণালয় | 01752-846876 | [signature] ২২/১১/২৩ |

**২২ নভেম্বর ২০২৩ খ্রি.**

| জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় উপস্থিতি'র তালিকা | | | |
|---|---|---|---|
| ক্রমিক নম্বর | নাম, পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর (ই-মেইল ঠিকানা) | স্বাক্ষর ও তারিখ |
| | ফসিহ উদ্দীন মাহতাব<br>সভাপতি, বাংলাদেশ সচিবালয় সাংবাদিক ফোরাম (বিএসআরএফ) | 01611932984<br>khulna09@gmail.com | [signature] 22/11/23 |
| | মাসউদুল হক, বিশেষ প্রতিনিধি ইউএনবি।<br>সাধারণ সম্পাদক — বাংলাদেশ সচিবালয় সাংবাদিক ফোরাম | ০১৭১১১৮৬২০৩<br>masudulhaque83@gmail.com. | Masudul 22/11/23 |
| | ড. শ্যামল প্রসাদ বেপারী<br>মুখ্য প্রকৌশলী (অব.)<br>সংযুক্ত: (ভূমি অধিগ্রহণ ও রিসেটেলমেন্ট এক্সপার্ট)<br>পদ্মা ব্রীজ রেল লিংক প্রোজেক্ট<br>বাংলাদেশ রেলওয়ে এবং বাংলাদেশ সেনাবাহিনী | 01715 171784<br>ictbangladesh52@gmail.com | [signature] 22/11 |
| | মো. জসিম উদ্দিন<br>অতি. বিভাগীয় কমিশনার (রা.ম)<br>সিলেট | 01730 331002 | [signature] |
| | মো: ওবায়দুর রহমান<br>পরিচালক (উ: সা:)<br>মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর | 01712088891 | [signature] 22/11/23 |
| | মোহাম্মদ রাকিবুল ইসলাম<br>পরিচালক (প্রশাসন)<br>বিজি প্রেস | 01712222149 | [signature] 22/11/23 |

**২২ নভেম্বর ২০২৩ খ্রি.**

## জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় উপস্থিতি'র তালিকা

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর (ই-মেইল ঠিকানা) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | [illegible]<br>সিনিয়র সহকারী সচিব<br>মুদ্রণ শাখা<br>জনপ্রশাসন মন্ত্রণালয় | 01727381549 | [illegible] |
| | | | |
| | | | |
| | | | |

**২২ নভেম্বর ২০২৩ খ্রি.**

## জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় উপস্থিতি'র তালিকা

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর (ই-মেইল ঠিকানা) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| | মোহাম্মদ মমিনুর রহমান<br>[illegible]<br>ঢাকা। | 01711269861 | [signature]<br>২২/১১/২০২৩ |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |